*Class:* চতুর্থ শ্রেণি | *Prepared by:* আফরোজা তাসনিম (নিপা)
*Subject:* বাংলা ১ম | *Topic:* মোদের বাংলা ভাষা

## শিক্ষার্থী মূল্যায়ণ / লেকচার -৩ (২৮.৬.২০)

**ক) নিচের বাক্যগুলো সত্য হলে সত্য এবং মিথ্যা হলে মিথ্যা লিখে সঠিক বাক্যটি লিখ।**

১. মোদের বাংলা ভাষা কবিতাটি লিখেছেন সানাউল হক ।
২. কুমার লোহা দিয়ে জিনিসপত্র তৈরি করে ।--- **মিথ্যা --কামার**
৩. জেলে জমি চাষ করে । **মিথ্যা----মাছ ধরে**
৪. কামার দা, বঁটি তৈরি করে । --- **সত্য**
৫. জ্ঞানীর অনেক জ্ঞান আছে ।--- **সত্য**
৬. ইংরেজি ভাষায় মানুষের আশা মিটে ।--- **মিথ্যা--বাংলা**
৭. বাংলা ভাষাতে মানুষ মনের ভাব প্রকাশ করতে পারে ।--- **সত্য**
৮. ১৮৫২ সালে ছাত্র-ছাত্রী রাষ্ট্রভাষা বাংলার দাবিতে হরতাল করেছিল । -- **মিথ্যা----১৯৫২**
৯. পুলিশ অপরাধীদের ওপর গুলি চালায় ।----- **মিথ্যা---ছাত্রদেও**
১০. সাঁঝের মায়া, মায়াকানন, ইতল বিতল সুফিয়া কামাল রচিত উপন্যাস । --- **মিথ্যা---কাব্যগ্রন্থ**
১১. সুফিয়া কামাল ২০ শে নভেম্বর ১৯৯১ খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন । --- **মিথ্যা ২০জুন, ১৯১১**
১২. তিনি কবি ও সমমাজসেবী ছিলেন । **সত্য**
১৩. সুফিয়া কামাল ২০ শে নভেম্বর ১৮৯৯ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন । --- **মিথ্যা ---১৯৯৯**
১৪. বাংলায় কথা বলার সময় বিদেশি ভাষা ব্যবহার করতে নিষেধ করা হয়েছে । **সত্য**

**খ. শব্দদিয়ে বাক্য তৈরি করণ:**

| প্রদত্ত শব্দ | বাক্য রচনা |
|---|---|
| সহ্য করা | **অসহায়ের কান্না সহ্য করা যায়না।** |
| জ্ঞানী | **নিজেরা করবেন** |
| রক্ত-পিছল | ” |
| বিজাতীয় | ” |
| বেদন | ” |
| মিটাক | ” |
| সরল | ” |
| চাষা | ” |
| মাতৃভাষা | ” |

## গ).যুক্তবর্ণ:

| যুক্তবর্ণ | বর্ণ বিভাজন | দুটি শব্দ তৈরি কর | বাক্য তৈরি কর |
|---|---|---|---|
| জ্ঞ | জ+ঞ | জ্ঞান, বিজ্ঞান | নিজেরা তৈরি করবেন |
| ঞ্জ | ঞ+ জ | ব্যঞ্জন, গুঞ্জন | ” |
| ক্ত | ক+ত | রক্ত, ভক্ত | ” |
| ন্ধ | ন+ধ | বন্ধু, বন্ধ | ” |
| ” | ষ+ট | বৃষ্টি, মিষ্টি | ” |
| ঙ্ক | ঙ+ক | অঙ্ক,আতঙ্ক | ” |
| ন্ম | ন+ম | জন্ম, প্রজন্ম | ” |
| স্ব | স+ব | স্বর, স্বাধীনতা | ” |

**ঘ) বড় প্রশ্ন (নিজের মতো বুঝে বানিয়ে লিখ)।**

১. 'যারা আছেন সামনে আজও
জ্ঞানী, গুণী মনীষীরা'
আমার দেশের সব মানুষের
এই বেদন বুঝুন তারা' -বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?

উত্তরঃ আলোচ্য অংশটি কবি সুফিয়া কামালের “মোদের বাংলা ভাষা” কবিতা থেকে নেয়া হয়েছে। আমাদের মাতৃভাষা বাংলা। আমাদের দেশের সাধারণ মানুষ এই মায়ের ভাষা বাংলাতেই কথা বলতে স্বাচ্ছন্দ বোধ করে। বাংলা ছাড়া অন্য কোন বিদেশী-বিজাতীয় ভাষা দেশের এই সাধারণ মানুষের উপর চাপিয়ে দিলে, তারা সেটি সহ্য করবে না। এ বিষয়টি দেশের গণ্য মান্য ব্যক্তিরা ভালো করেই উপলব্ধি করতে পারেন। তাই সব মানুষের জন্য সহজ-সরল বাংলা ভাষার চর্চার অধিকার চেয়ে আমাদের দেশের জ্ঞানী-গুণী মানুষের প্রতি কবি এই আহ্বান জানিয়েছেন।

২. সহজ সরল বাংলা ভাষা
সব মানুষের মিটাক আশা - বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?

উত্তরঃ আলোচ্য অংশটি কবি সুফিয়া কামালের “মোদের বাংলা ভাষা” কবিতা থেকে নেয়া হয়েছে। আমাদের মাতৃভাষা বাংলা। আমাদের দেশের সাধারণ মানুষ এই মায়ের ভাষা বাংলাতেই কথা বলতে স্বাচ্ছন্দ বোধ করে। বাংলা ছাড়া অন্য কোন বিদেশী-বিজাতীয় ভাষা দেশের সাধারণ মানুষের পক্ষে বোঝা সহজ নয় বলেই ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি এদেশের অনেকেই এই ভাষার জন্য প্রাণ দিয়েছেন। এদেশের মানুষের মাতৃভাষা বাংলা, তাই তাদের কাছে বাংলা ভাষাতেই মনের ভাব প্রকাশ করা সহজ মনে হয়। মাতৃভাষার চেয়ে প্রিয় আর কোন ভাষা হতে পারে না। বাংলাদেশের সব মানুষের ইচ্ছা, আশা ও আকাঙ্খা মাতৃভাষাতেই ভালোভাবে প্রকাশ করা যায়। বাংলার সাধারন মানুষের বোঝা এবং মনের ভাব প্রকাশ একমাত্র বাংলা ভাষাতেই তাদের কাছে সহজ মনে হয়। আর এই সহজ ভাষাতে তারা কথা বলার স্বাধীনতা পেলে তাদের মনের আশা মিটবে কবি এমনটাই বোঝাতে চেয়েছেন।

১. আলোচ্য কবিতাংশে মোদের বলতে কাদের বুঝানো হয়েছে?

ক) পাকিস্তানিদের
খ) ভারতীয়দের
গ) বাঙালিদের
ঘ) কোনটিই না

২. কে দা, বঁটি ইত্যাদি তৈরি করেন?

ক) ডাক্তার
খ) চাষা
গ) কুমার
ঘ) কামার

৩. কে মাছ ধরে?

ক) চাষা
খ) জেলে
গ) কামার
ঘ) কুমার

৪. যারা জমি চাষ করে তাদেরকে ---------- বলে।

ক) চাষা
খ) কুমার
গ) কামার
ঘ) জেলে

৫. কারা মাটি দিয়ে জিনিসপত্র তৈরি করে?

ক) চাষা
খ) কুমার
গ) জেলে
ঘ) কামার

৬. বাংলার ছেলেরা কিসের জন্য প্রাণ দিল?

ক) ভাষার
খ) ইতিহাস সৃষ্টি জন্য
গ) রক্তের জন্য
ঘ) মুক্তির জন্য

৭. সহ্য করা শব্দের অর্থ কি?

ক) অমান্য করা
খ) অবাধ্য হওয়া
গ) এড়িয়ে চলা
ঘ) মেনে নেওয়া

৮. ভাষার জন্য কারা প্রাণ দিয়েছে?

ক) শাসকেরা
খ) বিদেশিরা
গ) বাঙালিরা
ঘ) ইংরেজরা

৯. কাদের রক্তে পথ পিছল হয়েছে?

ক) সেনাদের
খ) বাংলার ছেলেদের
গ) পুলিশের
ঘ) কোনটিই না।

১০. যার অনেক জ্ঞান আছে--------

ক) বুদ্ধিমান
খ) জ্ঞানশূন্য
গ) চালাক
ঘ) জ্ঞানী

১১. কোন ভাষা মানুষের আশা মিটায়?

ক) আরবি
খ) ইংরেজি
গ) বাংলা
ঘ) হিন্দি

১২. মুক্তি শব্দের অর্থ কি?
ক) পরাধীনতা
খ) স্বাধীনতা
গ) বন্দি
ঘ) ছাড়া পাওয়া

১৩. বিজাতীয় বলতে বুঝায়?
ক) অন্য দেশ
খ) অন্য ধর্ম
গ) অন্য জাতি
ঘ) ভিন্ন ধর্ম

১৪. বাংলার ছেলেরা কিসের জণ্য প্রাণ দিল?
ক) ভাষার
খ) ইতিহাস সৃষ্টির জন্য
গ) রক্তের জন্য
ঘ) মুক্তর জন্য

১৫. ভাষার জন্য কারা প্রাণ দিয়েছে?
ক) শাসকেরা
খ) বিদেশিরা
গ) বাঙালিরা
ঘ) ইংরেজ

১৬. মুক্তি শব্দের অর্থ কি?
ক) পরাধীনতা
খ) স্বাধীনতা
গ) বন্দি
ঘ) ছাড়া পা

১৭. ছাত্র-ছাত্রীর ওপর কে গুলি চালায়?
ক) অপরাধী
খ) পুলিশ
গ) ডাকাত
ঘ) রাজা

১৮. ছাত্ররা কিভাবে মারা যায়?
ক) দুর্ঘটনায়
খ) মার খেয়ে
গ) আত্মহত্যা করে
ঘ) গুলিতে

১৯. কোন ভাষা আমাদের সবার প্রিয়?
ক) ইংরেজি
খ) আরবি
গ) ফারসি
ঘ) মাতৃভাষা

২০. সুফিয়া কামাল কত সালে জন্ম গ্রহণ করেন?
ক) ১৯৫২
খ) ১৯৯৯
গ) ১৯১২
ঘ) ১৯১১ সালে

২১. সুফিয়া কামাল কোন জেলায় জন্মগ্রহণ করেন?
ক) ভোলা
খ) বরিশাল
গ) পটুয়ালী
ঘ) পিরোজপুর

২২. নিচের কোনটি সুফিয়া কামালের জন্ম তারিখ?

ক) ২০ শে জুন
খ) ২০ শে মে
গ) ২০শে নভেম্বর
ঘ) ২০ শে জুলাই

২৩.

২৪. সাঁঝের মায়া তার বিখ্যাত--------

ক) নাটক
খ) উপন্যাস
গ) কাব্যগ্রন্থ
ঘ) গল্প

২৪. শহিদদের কেমন পথে মুক্তি মিলবে?

ক) রক্ত মাখা
খ) রক্ত পিছলে
গ) রক্তে ভরা
ঘ) রক্তে ভেজা



২৫.কত সালে ছাত্র-ছাত্রীরা রাষ্ট্রভাষা বাংলার দাবিতে মিছিল করেছিল?

ক) ১৭৫২
খ) ১৮৫২
গ) ১৯৫২
ঘ) ১৬৫২